

B.A. 5th Semester (Honours) Examination, 2023 (CBCS)**বিষয় : বাংলা (সাম্মানিক)****Course : CC-XI****সময় : ৩ ঘণ্টা****পূর্ণমান : ৬০**

দক্ষিণ-প্রাত্তহ সংখ্যাগুলি প্রশ্নান্বের নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে।

১। নিম্নলিখিত যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : **$10 \times 2 = 20$**

- (ক) 'পোস্টমাস্টার' গল্পে পোস্টমাস্টারের অসুখে কে সেবা করেছিল? তখন সেবার সময় সে কোন কোন ভূমিকায় নিজেকে প্রকাশ করেছিল?
- (খ) ম্যাটসিনি এবং গ্যারিবল্ডির উল্লেখ কোন গল্পে পাওয়া যায়? গল্পের কোন চরিত্র এই নামের উল্লেখ করেছিলেন?
- (গ) 'কুসুম' কোন গল্পের চরিত্র? তার পূর্ব ইতিহাস কী ছিল?
- (ঘ) রবীন্দ্র-গল্প সম্ভাবে বিরল একটি রাজনৈতিক গল্প তোমাদের পাঠ্য। গল্পটির নাম এবং গল্পের প্রধান চরিত্রের নাম লেখো।
- (ঙ) 'কঙ্কাল' গল্পে ডাক্তার চরিত্রের নাম কী ছিল? এই গল্পে কঙ্কালের কল্পনার ইচ্ছাকৃত অসঙ্গতিটি কী?
- (চ) তোমাদের পাঠ্য কোন রবীন্দ্র-গল্প নারীচেতনার জাগরণের প্রেক্ষিতে গুরুত্ব পেয়েছিল? গল্পের মূল সমস্যা যাকে নিয়ে, তার নাম কী?
- (ছ) 'ল্যাবরেটরি' গল্পটি কোন রবীন্দ্র-গল্প সংকলনের অন্তর্গত? নন্দকিশোর সোহিনীর মধ্যে কী দেখেছিলেন?
- (জ) 'ফাসিল' গল্পে রাজকীয় ঢালকে কার সঙ্গে তুলনা করা হয়েছে? এই গল্পে চিঠ্ঠি-গুড়ের সঙ্গে আর কী বিতরণের উল্লেখ আছে?
- (ঝ) তোমাদের পাঠ্য কোন গল্পটি মধ্যমপুরুষে রচিত? গল্পের প্রধান চরিত্র গোরুর গাড়ির চাকার আওয়াজে কোন কথা শুনতে পেয়েছিল?
- (ঞ) বিয়ের সময়ে ক্ষেত্রিক পরনে কী রঙের শাড়ি ছিল? তার বাবার নাম কী?
- (ট) মহিম গাসুলী কোন অর্থব্যবস্থাকে দ্যোতিত করেছেন? তাঁর বাড়ির বিজলি বাতির উৎস কী ছিল?

- (ঠ) 'টোপ' গল্পে কোন কোন টোপের কথা প্রত্যক্ষভাবে এবং ব্যঙ্গনায় বলা হয়েছে?
- (ড) 'আদাৰ' গল্পের পটভূমি কোন শহর? কোন উৎসবের উল্লেখ পাওয়া যায় এই গল্পে?
- (ঢ) ভাতের গন্ধের মধ্যে সাধন কাকে খোঁজে? সে দিনের বেলা নিজের মা'কে 'মা' ডাকতে পারত না কেন?
- (ণ) 'ভেবেছিলাম' ছোটগল্পে একটা বাক্য শ্রবণদের মতো বারবার বিবৃত হয়েছে— বাক্যটি উল্লেখ করো।

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

 $8 \times 5 = 20$

- (ক) 'কঙ্কাল' গল্পে কঙ্কাল ও রূপসী নারীর দুটি বিগৱীত রূপচিত্র একে অপরের সঙ্গে মিশে গেছে। —আলোচনা করো।
- (খ) 'মেঘ ও রোদ্র' গল্পে প্রাকৃতিক পটভূমিটির তাৎপর্য বিশ্লেষণ করো।
- (গ) 'নিশ্চীথে' গল্পে দক্ষিণাচরণের মানসিক জটিলতাই প্রাধান্য পেয়েছে। কিন্তু এইভাবে তার প্রথমা স্তুর্যে চরিত্র উঠে আসে তা আলোচনা করো।
- (ঘ) 'টোপ' গল্পের নামকরণের সার্থকতা আলোচনা করো।
- (ঙ) আলো বলমল সভ্যতার চোখ ধীঁধানো ওজ্জ্বল্যের অন্তরালে বর্বর যুগের আদিম অন্ধকার এখনও মানবজীবনে সমভাবে প্রবাহিত—'প্রাণিতিহাসিক' গল্পের প্রেক্ষিতে মন্তব্যটি বিচার করো।
- (চ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের গল্পে সামান্য আয়োজনে উপস্থাপিত জীবনবোধকে 'পুঁইমাচা' গল্পে যেভাবে পাওয়া যায় তা আলোচনা করো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

 $2 \times 10 = 20$

- (ক) 'ল্যাবরেটরি' গল্পের সোহিতী এক কক্ষচুত ছকভাঙা চরিত্র। — গল্প অবলম্বনে বিষয়টি আলোচনা করো।
- (খ) হৃদয়ধর্ম ও সমাজধর্মের বিরোধ-বৃত্তান্তের মধ্যে দিয়ে হেমস্ত ও কুসুম চরিত্র দুটি উপস্থাপনে লেখকের যে মুনশিয়ানা—'ত্যাগ' গল্প অবলম্বনে তা আলোচনা করো।
- (গ) 'রস' গল্পে রূপতৃষ্ণাকে ছাপিয়ে কর্মনিপুণতার প্রয়োজনীয়তা স্থীরভাবে হয়েছে—আলোচনা করো।
- (ঘ) 'সাঁৰ সকালের মা' গল্পে জটিশ্বরী প্রেমিকা-স্ত্রী-মা-ঠাকুরাণী। কিন্তু এই পরিচয়গুলি ছাপিয়ে ওঠে তার অনাহারে মৃত্যুর সত্য—আলোচনা করো।